চুয়াডাঙ্গায় জেলা গোয়েন্দা শাখার মাদকবিরোধী অভিযানে আটক ২

চুয়াডাঙ্গায় ১৫০ অ্য্যম্পুল নেশার ইঞ্জেকশনসহ দুই মাদক কারবারিকে আটক করা হয়েছে। আজ রবিবার চুয়াডাঙ্গা সদরের দৌলাৎদিয়াড় চুনুরিপাড়ায় জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) শাখা মাদকবিরোধী অভিযান চালিয়ে আটক করে।

জানাগেছে, বর্তমানে পুলিশের মাদকবিরোধী অভিযানের অংশহিসেবে জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা ফেরদৌস ওয়াহিদ এর নেতৃত্বে এসআই ওহিদুল ইসলাম বিপিএম, এএসআই আবু আল-ইমরানসহ সঙ্গীয় ফোর্স নিয়ে মাদকবিরোধী অভিযান চালিয়ে দৌলতদিয়াড় চুনরিপাড়ায় নিজ বাড়ি থেকে খোকনকে (৫০) আচক করা হয়।

খোকন দৌলাৎদিয়ার চুনুরিপাড়ার মৃত বদর উদ্দিনের ছেলে।

পরে সদরের তালতলা প্রাইমারি স্কুল পাড়া শহিদুল ইসলামকে (৪০) আটক করা হয়। শহিদুল ইসলাম ওই গ্রামের মৃত আব্দুল বারেক আলীর ছেলে। সেসময় তার হেফজত থেকে ১৫০ পিস অ্যাম্পুল ইঞ্জেকশন উদ্ধার করা হয়। আটককৃত আসামীদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অভিযানে; গ্রেফতার ০১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ১০০০ (এক হাজার) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ (এক) জন গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার(ডিবি) অফিসার ইনচার্জ ফেরদৌস

ওয়াহিদ নেতৃত্ব সোমবার বিকাল সাড়ে পাঁচটার সময় এসআই(নিঃ) সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এসআই(নিঃ)মুহিদ হাসান, এএসআই(নিঃ) বিজন কুমার ভট্টাচার্য, এএসআই(নিঃ) মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা থানাধীন হঠাৎপাড়া (আনোয়ারপুর) গ্রামস্থ মোঃ আমিনুল ইসলাম, পিতা-মৃত সোনা মিয়ার মুরগির ফার্মের সামনে রেললাইনের উপর হতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা এলাকায় হতে আসামি আব্দুল হাদি ওরফে হাদি (৩১), পিতা-আব্দুল মান্নান, সাং-ঝাঁঝাডাঙ্গা (বেলেমাঠপাড়া) গ্রেফতার পূর্বক তার হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ১০০০ (এক হাজার) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার পূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার মাদকবিরোধী অভিযান গাজাঁ সহ আটক-১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ০৪ (চার) কেজি গাঁজা এবং গাঁজা বিক্রয়ের নগদ অর্থ ৬,০০০/- (ছয় হাজার) টাকা উদ্ধার সহ ০১ (এক) জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন এর দিকনির্দেশনায় জেলার প্রত্যেকটি থানা এলাকায় নিয়মিতভাবে মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে।

তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মোহাম্মদ আবদুল আলীমের নেতৃত্বে এসআই(নিঃ)/ মোঃ আতিকুর রহমান সঙ্গীয় অফিসার-ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আজ মঙ্গলবার বিকাল সাড়ে চারটার সময় দর্শনা থানাধীন প্রতাপপুর নদীপাড়া গ্রামস্থ আসামির বসতবাড়ির উঠানে গাঁজা বিক্রয়কালে আসামি

১) মোছাঃ বেলী খাতুন (৩২), জং-মোঃ সোহেল, সাং-প্রতাপপুর নদীপাড়া, থানা-দর্শনা, জেলা-চুয়াডাঙ্গাকে গ্রেফতারপূর্বক তার হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ০৪ (চার) কেজি গাঁজা, মূল্য অনুমান-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং গাঁজা বিক্রয়ের নগদ অর্থ ৬,০০০/- (ছয় হাজার) টাকা উদ্ধারপূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অভিযানে ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা (ডিবি) শাখার বিশেষ অভিযানে ৭২ বোতল ফেন্সিডিল উদ্ধার সহ একজনকে গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা ডিবি পুলিশ।

রবিবার বিকেল সাড়ে চারটার সময় গোপন সংবাদের চুয়াডাঙ্গা সদর থানাধীন ডিঙ্গেদাহ টু হিজলগাড়ি রোডের পাশে শংকরচন্দ্র ইউনিয়নের জালশুকা ঈদগাঁহ পাড়া থেকে ফেনসিডিলসহ মোছাঃ সালমা বেগম (৫০) আটক করে ডিবি।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ শেখ সফিকুর রহমানের নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ সাজ্জাদ হোসেন, এএসআই (নিঃ) শ্রী বিজন ভট্টাচার্য, এএসআই (নিঃ) মোঃ আবেদুর রহমান, এএসআই (নিঃ) শ্রী রমেন কুমার সরকার, কং/৩১৪ সাদ আহামেদ,কং/৬৪০ সাকিব আহম্মেদ, কং/৪০৭ শামিম হোসেন, নারী কং/৯৩১ মোছাঃ সুরভী খাতুন গোপন সংবাদের ভিিওতে চুয়াডাঙ্গা সদর থানাধীন ডিঙ্গেদাহ টু হিজলগাড়ি রোডের পাশে শংকর চন্দ্র ইউনিয়নের জালশুকা ঈদগাঁহ পাড়া মোছাঃ সালমা বেগম (৫০), স্বামী মোঃ আব্দুল মালেক, পিং-মৃতঃ আব্দুল কুদ্দুস বিশ্বাস, থানা ও জেলা-চুয়াডাঙ্গার একতলা বিশিষ্ট

বসত বাড়ির শোবার ঘরের ভিতর থেকে একটি প্লাস্টিকের বস্তার মধ্যে হতে বিশেষ কায়দায় মোড়ানো অবস্থায় ৭২ (বাহাত্তর) বোতল আমদানি নিষিদ্ধ অবৈধ মাদকদ্রব্য ভারতীয় ফেন্সিডিলসহ গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।